## MODEL QUESTION

1ST AND 2ND SEMESTER HONOURS+GENERIC+PROGRAM

DISCIPLINE : PHILOSOPHY

COURSE NAME : HISTORY OF WESTERN PHILOSOPHY

COURSE CODE : BAHPHIC1O2+BAHPHIC2O2+BAHPHIGEC2O1+BAPPHIC201

**A. 1 and 2 marks questions :**

1. দ্বিজাগতিক  তত্ত্বের কথা কে বলেন?
2. থেলসের মতে জগতের মূল কারণ কি?
3. কোন বুদ্ধিবাদী দার্শনিক ঈশ্বর ও প্রকৃতিকে অভিন্নরূপে গণ্য করেছেন ?
4. কোন্ দার্শনিকের মতে স্বয়ংক্রিয়তা হল দ্রব্যের লক্ষণ ?
5. দেকার্তের মতে দুটি কৃত্রিম ধারণার উদাহরণ দাও ।
6. অ্যারিস্টটলের মতে প্রজ্ঞা কি ?
7. দেহ-মনের সম্পর্ক বিষয়ে সমান্তরালবাদ তত্ত্বের প্রবক্তা কে ?
8. ঈশ্বর হলেন 'নিশ্চল চালক'-কার মত ?
9. দেকার্তের মতে সহজাত ধারণা কি ?
10. অ্যারিস্টটলের মতে আকারগত কারণ কি ?
11. 'আদি দর্শন' বলতে অ্যারিস্টটল কি বোঝেন ?
12. অ্যারিস্টটল প্রদত্ত তৃতীয় মানব যুক্তিটি কী ?
13. দেকার্তের মতে দ্রব্য কী ?
14. সেন্ট টমাস অ্যাকুইনাস সক্রিয় বুদ্ধিমূলক বৃত্তি বলতে কী বোঝেন ?
15. লাইবনিজের মতে অভিন্নতা-ভিন্নতা নিয়মটি কী ?
16. স্পিনোজার মতে দ্রব্যের গুণ কাকে বলে ?
17. লককে অনুসরণ করে একটি সরল ধারণার উদাহরণ দাও।
18. লকের বিমূর্ত ধারণাবাদকে খন্ডন করা কোন দার্শনিকের মুখ্য উদ্দেশ্য ছিল ?
19. জাগতিক তথ্যাদির মধ্যে সম্বন্ধ হিউমের মতে কি পূর্বতঃসিদ্ধ অথবা পরতঃসাধ্য ?
20. হিউমকে অনুসরণ করে ধারণার সম্বন্ধের একটি উদাহরণ দাও।
21. কান্টের মতে পূর্বতঃসিদ্ধ জ্ঞানের লক্ষণ দুটি কী কী ?
22. কান্টের মতে দেশ ও কাল কি ইন্দ্রিয় অনুভব অথবা সামান্য ধারণা ?
23. Philosophy in the Twentieth Century গ্রন্থটির রচয়িতা কে ?
24. হেগেলের নিম্নলিখিত বক্তব্যটির অর্থ উদ্ধার কর ঃ

    "যুক্তিবত্তাই বাস্তবতা এবং বাস্তবতাই যুক্তিবত্তা।"
25. বিমূর্ত ধারণা কী ?
26. লক স্বীকৃত বিভিন্ন প্রকার জটিল ধারণা কী  কী ?
27. সহজাত ধারণা  কী ?
28. কোন অর্থে হিউম 'প্রত্যক্ষণ' শব্দটি ব্যবহার করেন ?
29. হিউমের মতে  অনুষঙ্গের সূত্রসমূহ  কী কী ?
30. পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক অবধারণ বলতে কান্ট কী বুঝিয়েছেন ?
31. কান্টের পদ্ধতিকে বিচারবাদ বলা হয় কেন ?
32. হেগেলের মতে পরমতত্ত্ব কী ?
33.কোন্ দার্শনিক মনে করেন যে বায়ু জগতের মূল উপাদান ?
34. অ্যারিস্টটলের মতে চারটি কারণের কোনটি আকারহীন এবং সম্ভাবনা ?

35. কোন্ দার্শনিক এই তত্ত্ব পোষণ করেন যে সকল কিছুই পরিবর্তনশীল ?
36. সহজাত ধারণার দুটি উদাহরণ দাও।
37. কোন্ নীতির দ্বারা লাইবনিজ ঈশ্বরের অস্তিত্ব প্রমাণ করেন ?
38. প্লেটোর মতেএকমাত্র সর্বোচ্চ তত্ত্ববস্তু কী ?
39. 'জ্ঞান হচ্ছে প্রত্যক্ষণ'-এই মত পোষণকারী একজন সোফিস্ট দার্শনিকের নাম লেখ।
40. স্পিনোজার মতে Natura Naturata কী ?
41. অ্যারিস্টটলের মতে পরিণতিমূলক কারণ বলতে কি বোঝায় ?
42. অ্যানাকসিম্যান্ডারের মতে জগতের মূল কারণ কী ?
43. স্পনোজা দ্রব্য বলতে কি বোঝেন ?
44. লাইবনিজের মতে তথ্যবাচক সত্যজ্ঞান কী /
45. দেকার্তের মতে কৃত্রিম ধারণা কাকে বলে ?
46. লাইবনিজের মতে দ্রব্যের আবশ্যিক লক্ষণ কী ?
47. ঈশ্বরের অস্তিত্বসাধক সেন্ট অ্যানসেলম-এর লক্ষণভিত্তিক যুক্তিটি কী ?
48. লাইবনিজের মতে আত্ম প্রত্যক্ষ কী ?
49. সকল গুণই ব্যক্তি সাপেক্ষ'-এই মতটি কে পোষণ করেন ?
50. একজন দার্শনিকের নাম উল্লেখ কর যিনি পরিমিত সংশয়বাদের চর্চা করে গেছেন।
51. কান্টের মতে সংবেদন শক্তির পূর্বতঃসিদ্ধ আকারগুলি কী কী ?
52. কোয়াইন এর মতে, যৌক্তিক অভিজ্ঞতাবাদীদের বিচার বিযুক্ত দ্বিতীয় বিশ্বাসটি কী?
53. লকের মত অনুসারে দুটি মুখ্যগুণের উদাহরণ দাও।
54. লকের দর্শনে 'ট্যবুলা রাসা' বলতে কি বোঝায় ?
55. হিউমের মতে দুইপ্রকার প্রত্যক্ষণ কি কি ?
56. সহজাত ধারণাতত্ত্বের খন্ডনের নিমিত্ত লক প্রদত্ত যুক্তিগুলির কোন একটির উল্লেখ কর ।
57. আত্মগত ভাববাদ কাকে বলে ?
58. কান্টের মতে সংবেদন বৃত্তি কি ?
59. অভিজ্ঞতাবাদের বিচার বিযুক্ত দুটি বিশ্বাসকে বর্জন করার ফলশ্রুতিদ্বয় কোয়াইনের অনুসরণে বিবৃত কর ।
60. হিউমের দর্শনে বর্ণিত ধারণার অনুষঙ্গের সাদৃশ্যের নিয়মটি বিবৃত কর ।
61. কান্টের মতে অধিবিদ্যার তিনটি মুখ্য বিষয় কি কি ?
62. হিউমের মতে বাস্তব ব্যাপার বিষয়ক জ্ঞান বলতে কি বোঝায় ?
63. প্লেটো কর্তৃক প্রদত্ত বস্তুগত প্রত্যয়ের পারিভাষিক নামটি কি ?
64. 'উপাদানহীন আকার' অভিধাটি ব্যবহার করে অ্যারিস্টটল কাকে বুঝিয়েছেন ?
65. দার্শনিক তত্ত্ব আলোচনার জন্য কোন পদ্ধতিকে আর্দশ বলে স্পিনোজা মনে করেন ?
66. বুদ্ধিলব্ধ সত্যতার ভিত্তিস্থাপক চিন্তার মূল সূত্রগুলির যে কোন একটির উল্লেখ কর ।
67. গ্রীকদর্শনে পরিবর্তনশীলতার তত্ত্বের প্রবক্তা কে ?
68. ঈশ্বরের অস্তিত্বসাধক প্রমাণগুলির কোনটি অ্যাকুইনাস বাতিল করেন ?
69. অ্যানাক্সিম্যান্ডারের মতে পরম সত্তা কি ?
70. ডেমোক্রেটাসের মতে পরমাণু কি ?
71. অ্যারিস্টটলের উপাদান কারনের ধারণাটি বিবৃত কর ।
72. প্লেটো তাঁর জ্ঞানতত্ত্বে কোন দুটি তত্ত্ব খন্ডনের প্রয়াস নিয়েছেন ?
73. স্পিনোজা দেহ-মনের সম্পর্ককে কিভাবে বোঝেন ?
74. আমরা কি সম্পূর্ণরূপে ঈশ্বরকে জানতে পারি ? এই বিষয়ে সেন্ট অগাস্টিনের মত বিবৃত কর ।

75. অভিন্নতা-ভিন্নতা নিয়মটি বিবৃত কর ।
76. দেহ-মনের সম্বন্ধ বিষয়ে দেকার্তের তত্ত্বটির নাম লেখ।
77. ‘অস্তিত্ব প্রত্যক্ষ নির্ভর’-এটি কার মত ?
78. ‘ধারণার সম্বন্ধের’-একটি উদাহরণ দাও।
79. লক কত প্রকার ধারণা স্বীকার করেছেন।
80. লাইবনিজের মতানুসারে ‘সমস্ত চিৎপরমাণুর চিৎ পরমাণু ’কি ?
81. স্পিনোজার মতে দ্রব্যের বৈশিষ্ট্যগুলো কি কি ?
82. দেকার্তের মতে সত্যতার মানদন্ডগুলি কি কি ?
83. কার্য-কারণ বিষয়ে প্রসক্তিতত্ত্বের সমর্থক কারা ?
84. ক্রিয়া-প্রতিক্রিয়াবাদ কাকে বলে ?
85. পূর্ব-প্রতিষ্ঠিত শৃংখলাবাদ কাকে বলে ?
86. লকের মতে গৌণ গুণ কাকে বলে ?
87. মুদ্রণ কাকে বলে ?
88. লকের মতে জ্ঞান কাকে বলে ?
89. দেকার্ত কতপ্রকার দ্রব্য স্বীকার করেছেন ?
90. দ্রব্য=ঈশ্বর=প্রকৃতি-এটি কার মত ?
91. আত্মগত ভাববাদের প্রবক্তা কে ?
92. বৌদ্ধিক সত্যের একটি উদাহরণ দাও।
93. ‘আমি চিন্তা করি,অতএব আমি আছি’-এটি কার মত ?
94. ‘কারণ এবং কার্যের মধ্যে কোন অনিবার্য সম্বন্ধ নেই’-এটি কার মত ?
95. মুখ্য ও গৌণ গুণের পার্থক্য কে অস্বীকার করেন ?
96. লক দ্রব্য বলতে কি বোঝান ?
97. বিমূর্ত ধারণা কাকে বলে ?
98. সংশয়বাদ কি ?
99. লকের বিমূর্ত ধারণাকে কে অস্বীকার করেন ?
100. লকের অনুসরণে গৌণ গুণের যে কোন দুটি উদাহরণ দাও ।
101. কার্য-কারণ সম্বন্ধ বিষয়ে সততঃ সংযোগ বাদের প্রবর্তক কে ?
102. ‘দ্রব্য হলো তাই যা আমি জানি না’-কার মত ?
103. স্পিনোজার মতে জ্ঞানের স্তরগুলি কী কী ?
104. লক এর মত অনুসারে জ্ঞানের সংজ্ঞা দাও ।
105 কে আধুনিক দর্শনের জনকরূপে পরিচিত ?
106. লকের মতে সংবেদন কাকে বলে ?
107. ভাববাদ কাকে বলে ?
108. প্রতিরূপী বস্তুবাদ কী ?
109. হিউমের বাস্তব ব্যাপারের দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর ?
110. ‘Solipsism’ পদটির অর্থ কি ?
111. বৈজ্ঞানিক বস্তুবাদের প্রবক্তা কে ?
112. ‘ষদি ও মন ও দেহ দুটি সম্পূর্ণ ভিন্ন দ্রব্য ’তবু তাদের মধ্যে কার্য-কারণ সম্বন্ধ বিদ্যমান-কে এই অভিমত পোষণ করেন /
113. এই জগত সমস্ত সম্ভাব্য জগতের মধ্যে অবশ্যই শ্রেষ্ঠ-এই মতটি কার ?
114. প্লেটোর মতে কল্যাণের ধারণা বলতে কি বোঝায় /

115. পারমেনাইডিস কিভাবে সত্তাকে বর্ণনা করেন ?

**B. 5-Marks Questions:-**

1. লাইবনিজকে অনুসরণ করে বুদ্ধিগম্য সত্য ও বাস্তব বিষয় সংক্রান্ত সত্যের মধ্যে পার্থক্য দেখাও ।
2. ঈশ্বরের অস্তিত্বের সপক্ষে কার্টেজীয় লক্ষণ ভিত্তিক যুক্তির সংক্ষিপ্ত ব্যাখ্যা দাও ।
3. দেহ-মনের সম্বন্ধ বষয়ে স্পিনোজার সমান্তরালবাদটি সংক্ষেপে ব্যাখ্যা কর ।
4. ঈশ্বরের বুদ্ধিপ্রসূত প্রেম সম্পর্কে স্পিনোজার ধারণাটি ব্যাখ্যা কর ।
5. Anaximenes কেন বলে বায়ু জগতের মূল উপাদান ?
6. লককে অনুসরণ করে মুখ্য গুণ ও গৌণ গুণের মধ্যে পার্থক্য কর ।
7. 'সত্তা হল জ্ঞাততা'-তত্ত্বটি ব্যাখ্যা কর ।
8. হিউম কিভাবে মুদ্রণ ও ধারণার মধ্যে পার্থক্য করেন ?
9. কান্টকৃত বিশ্লষক ও সংশ্লেষক অবধারণের মধ্যে পার্থক্য কর ।
10. এয়ার এর মতে কোন্ অর্থে অধিবিদা সমস্ত বিশেষ বিজ্ঞানকে অতিক্রম করে /
11. অ্যারিস্টটল এর মতে 'জড়' এবং 'আকার' কাকে বলে ? জড় এবং আকার –এর সম্পর্ক বিষয়ে অ্যারিস্টটল এর বক্তব্য ব্যাখ্যা কর ।
12. অ্যাকুইনাসকে অনুসরণ করে বিবৃত কর বিশ্বাস বা প্রকাশ বুদ্ধির অপেক্ষা উচ্চতর কিনা ?
13. স্পিনোজা কিভাবে দ্রব্য ও গুণের সম্পর্ককে ব্যাখ্যা করেছেন ?
14. লাইবনিজের পর্যাপ্ত হেতু নিয়মটি ব্যাখ্যা কর ।
15. ঈশ্বরের অস্তিত্ব প্রমাণে দেকার্টের কারণ বিষয়ক যুক্তি ব্যাখ্যা কর ।
16. বার্কলে কি অহং সর্বস্ববাদী ? সংক্ষেপে আলোচনা কর ।
17. হিউম প্রদত্ত কারণের দুটি লক্ষণ উল্লেখ পূর্বক ব্যাখ্যা কর ।
18. কান্টের দর্শনের পরিসরে কোপার্নিকীয় বিপ্লব বলতে কি বোঝায় ?
19. লক কিভাবে সহজাত ধারণার অস্তিত্ব নস্যাৎ করার চেষ্টা করেছেন ?
20. বিশ্লষকতা ব্যাখ্যার প্রচেষ্টা যে চক্রক দোষে দুষ্ট টা কোয়াইন কিভাবে প্রমাণ করেছেন ?
21. অ্যারিস্টটলের আকার ও উপাদান তত্ত্বের একটি বিবরণ দাও ।

প্লেটো কেন বলেন যে সঠিক অভিমত জ্ঞান নয় ?

22. স্পিনোজা প্রদত্ত 'ন্যাচারা ন্যাচারানস্' এবং 'ন্যাচারা ন্যাচারেটা'- এ দুইয়ের মধ্যে পার্থক্যের তাৎপর্য নিরূপণ কর ।
23. পারমেনাইডিসের সত্তাতত্ত্ব ব্যাখ্যা কর ।
24. বেকনের 'আইডোলা' গুলির অর্থপ্রকাশ কর ।
25. দ্রব্য সম্বন্ধে লকের মতামত আলোচনা কর ।
26. বার্কলে কিভাবে লকের দ্রব্যের ধারণাকে খন্ডন করেন ?
27. স্পিনোজার মতানুসারে জ্ঞানের স্তরগুলি সংক্ষেপে আলোচনা কর ।
28. দেহ-মনের সম্বন্ধ বিষয়ে ক্রিয়া-প্রতিক্রয়াবাদ সংক্ষেপে ব্যাখ্যা কর ।
29. স্পিনোজার দ্রব্যতত্ত্ব ব্যাখ্যা কর ।
30. হিউমের ধারণার সম্বন্ধ এবং বাস্তব ব্যাপারের মধ্যে পার্থক্য কর ।
31. লাইবনিজের মতে চিৎপরমাণু কি ? চিৎপরমাণুর স্বরূপ এবং বৈশিষ্ট্য সংক্ষেপে ব্যাখ্যা কর ।
32. লকের মতে ধারণা কাকে বলে ? লক স্বীকৃত সরল এবং জটিল ধারণা সংক্ষেপে ব্যাখ্যা কর ।
33. হিউমের মতে ধারণার অনুষঙ্গ নিয়মগুলি কি কি ? ব্যাখ্যা কর ।
34. দেকার্তের দার্শনিক পদ্ধতির একটি সংক্ষিপ্ত পরিচয় দাও ।
35. স্পিনোজা কিভাবে গুণ ও বিকারের মধ্যে পার্থক্য করেন ? আলোচনা কর ।
36. সত্তা বিষয়ে পারমেনাইডিসের বক্তব্য সংক্ষেপে ব্যাখ্যা কর ।

37. দেকার্ত সম্মত সত্যতার মানদন্ডটি ব্যাখ্যা ও বিচার কর ।
38. বার্কলে কিভাবে লক স্বীকৃত মুখ্যগুণ ও গৌণগুণের পার্থক্য খন্ডন করেছেন /
39. পূর্বতঃসিদ্ধ সংশ্লেষক অবধারণ কাকে বলে ? কান্ট কিভাবে এর সম্ভাবনা ব্যাখ্যা করেন ?
40. কোন যুক্তির ভিত্তিতে স্পিনোজা ঈশ্বরকে দ্রব্যের সঙ্গে অভিন্ন গণ্য করেছেন /

**C. 10- Marks Questions:-**

1. অ্যারিস্টটল কিভাবে প্লেটোর ধারণাতত্ত্ব খন্ডন করেন ?
2. দেকার্ত কিভাবে তাঁর মূল সূত্র 'Cogito ergo sum ' এ পৌঁছান ?
3. লকের জ্ঞানতত্ত্বের একটি বর্ণনা দাও ।
4. অধিবিদ্যার প্রতি কান্টের মনোভাব ব্যাখ্যা কর ।
5. সংশয়বাদ কি ? কী অর্থে হিউম সংশয়বাদী ? আলোচনা কর ।
6. প্লেটোর ধারণাতত্ত্বের একটি বিবরণ দাও ।
7. লাইবনিজের প্রাক্-প্রতিষ্ঠিত শৃংখলাবাদ উপস্থাপিত কর ।
8. দেশ ও কাল সংবেদনের পূর্বতঃসিদ্ধ আকার-এর পক্ষে কান্ট প্রদত্ত আধিবিদ্যক যুক্তিগুলি ব্যাখ্যা কর ।
9. হেগেলীয় দ্বান্দ্বিকপদ্ধতির একটি বিবরণ দাও ।
10. লাইবনিজের মনাদতত্ত্বের একটি বিবরণ দাও ।
11. সততঃ সংযোগবাদ কাকে বলে ? এ প্রসঙ্গে হিউমের মতামত আলোচনা কর ।
12. Esse est percipi-এটি কার বক্তব্য ? এই তত্ত্বের মূল বক্তব্য ব্যাখ্যা কর ।
13. দেকার্তের মতে দ্রব্য কি ? দেকার্ত স্বীকৃত বিভিন্ন প্রকার দ্রব্য্ এর স্বরূপ ব্যাখ্যা কর ।
14. 'আমি চিন্তা করি , অতএব আমি আছি'-দেকার্তের এই নীতিটির অর্থ ও তাৎপর্য ব্যাখ্যা কর ।এটি কি একটি অনুমান ?
15. অ্যারিস্টটলের কারণতত্ত্ব উদাহরণসহ ব্যাখ্যা কর ।বৈজ্ঞানিক কারণতত্ত্ব থেকে অ্যারিস্টটলের কারণতত্ত্ব কিভাবে পৃথক ?